

আভ্যন্তরীণতা সঞ্চার করে তার মধ্যেও পার্থক্য দেখা যায়।

● **ব্যক্তিসত্তার সংলক্ষণ [Personality Traits] :**

শিশুর বিকাশের পথে তার সহজাত গুণাবলির পরিবেশের সঙ্গে ক্রিয়া-প্রতিক্রিয়ার ফলে কতকগুলি বৈশিষ্ট্য গড়ে ওঠে। একই ধরনের একাধিক বৈশিষ্ট্য সমন্বিত হয়ে ব্যক্তিত্বের একক

পাঠদান ও শিখনের মনস্তত্ত্ব—32

বা সংলক্ষণ সৃষ্টি হয়। ব্যক্তিসত্তার বিকাশ অনুধাবন করলে দেখা যায় যে শিশু প্রথমে অভিজ্ঞতা অর্জন করে প্রতিবর্ত প্রতিক্রিয়ার সাহায্যে।

পরবর্তী স্তরে প্রতিবর্তীয় প্রতিক্রিয়াগুলি সংখ্যায় অনেক এবং অনুবর্তিত হওয়ায় পুনরায় সমন্বিত হয়ে বিভিন্ন ধরনের স্থায়ী মানসিক সংগঠন গড়ে ওঠে। এর দ্বারা ব্যক্তি কোনো বিশেষ পরিস্থিতির পুনরাবৃত্তিতে এক সদৃশ প্রতিক্রিয়া করে। এদের বলা হয় অভ্যাস।

তৃতীয় স্তরে কতকগুলি অভ্যাস নিজেদের মধ্যে সংযোজিত হয়ে আরও উন্নত সময় ঘটায়। এই সমন্বিত অভ্যাসগুলিকে সংলক্ষণ বলে।

বমগার্টেন (Boumgarten) বলেছেন, ব্যক্তিজীবনে যে স্থায়ী শক্তি, তার ক্রিয়া-প্রতিক্রিয়ার প্রকৃতি যার উপর নির্ভর করে তাকেই সংলক্ষণ বলে।

আবার আলপোর্টের (Allport) মতে, সংলক্ষণ হল সামগ্রিক এবং কেন্দ্রীভূত এমন এক জৈব-মানসিক সত্তা যা বিভিন্ন উদ্দীপককে সমন্বয় করে ব্যক্তির মধ্যে সামঞ্জস্যপূর্ণ প্রতিক্রিয়ার সৃষ্টি করে।

মিচেল (Michel) তাঁর 'Introduction to Personality' পুস্তকে বলেছেন যে, সংলক্ষণ হল নিরবচ্ছিন্ন মাত্রাসম্পন্ন ব্যক্তি সকলের মধ্যে ওই সংলক্ষণ কী পরিমাণে বর্তমান তার ভিত্তিতে ব্যক্তি সকলের অবস্থান নির্ণয় করে তাদের মধ্যে পার্থক্য নিরূপণ করা হয়।

সংলক্ষণের বৈশিষ্ট্য [Characteristics of Traits] :

সংলক্ষণের প্রধান বৈশিষ্ট্যগুলি নিম্নে উল্লেখ করা হল—

(১) পরিমাপযোগ্যতা—প্রতিটি সংলক্ষণ প্রতিটি ব্যক্তির মধ্যে কী পরিমাণে বর্তমান তা নির্ধারণ করা যায়।

(২) সংলক্ষণ আচরণের মধ্য দিয়ে প্রকাশ পায়—ব্যক্তিত্বের সংলক্ষণগুলি পর্যবেক্ষণসাপেক্ষ নয়। বিভিন্ন কার্যাবলি এবং বস্তুব্যের মধ্য দিয়ে তাদের প্রকাশ ঘটে। অর্থাৎ আচরণের মধ্য দিয়েই আমরা সংলক্ষণ সম্পর্কে মন্তব্য করি।

(৩) নমনীয়তা—সংলক্ষণ প্রকৃতিগতভাবে স্থায়ী নয়। শৈশবে সংলক্ষণগুলি নমনীয় থাকে। বয়স বৃদ্ধির সঙ্গে সঙ্গে স্থায়ী রূপ পেলেও কিছু পরিমাণে নমনীয়তা থেকে যায়।

(৪) সর্বজনীনতা—কিছু সংলক্ষণ সর্বজনীন, যেমন—উচ্চতা এবং ওজন।

(৫) ঐক্যবদ্ধ কার্যকারিতা—সংলক্ষণগুলি ঐক্যবদ্ধভাবে কার্যকরী হয়।

(৬) নিজস্বতা বা অনন্যতা—সংলক্ষণ ব্যক্তির নিজস্বতা বা অনন্যতা বজায় রাখতে সাহায্য করে।

(৭) অর্জিত—কোনো কোনো প্রবণতা ব্যক্তির মধ্যে জন্মগতভাবে দেখা দিলেও জন্মগত প্রবণতাগুলি পরিবেশের সঙ্গে মিথস্ক্রিয়ার মাধ্যমে বিভিন্ন সংলক্ষণে পরিণত হয়।

(৮) ব্যক্তিসত্তার একক—মনোবিদ আলপোর্টের মতে, সংলক্ষণ হল ব্যক্তিসত্তার একক—অর্থাৎ সংলক্ষণ হল ব্যক্তিসত্তার উপাদান।